

# Sixth Round of Foreign Office Consultations between India and Mexico

June 30, 2022

## ভারত এবং মেক্সিকোর মধ্যে ষষ্ঠ দফার বিদেশ দপ্তর পরামর্শ

জুন 30, 2022

ভারত এবং মেক্সিকোর মধ্যে ষষ্ঠ দফার বিদেশ দপ্তর পরামর্শ 29 শে জুন 2022 তারিখে মেক্সিকো সিটিতে অনুষ্ঠিত হয়েছে। আলোচনায় ভারতের তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের সচিব(পূর্ব), শ্রী সৌরভ কুমার এবং মেক্সিকোর তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন মেক্সিকোর পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের উপ বিদেশমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী কারমেন মোরেনো ওসকানো।

2. আলোচনায়, রাজনৈতিক, বাণিজ্য ও বিনিয়োগ, স্বাস্থ্য ও ফার্মাসিটিউক্যাল, মহাকাশ, সংস্কৃতি ও পর্যটন, শিক্ষা, কল্পউলার সহ বিজ্ঞান ও প্রযুক্তি সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করা হয়েছে এবং রাষ্ট্র সঙ্ঘে সহযোগিতা, প্রশান্ত মহাসাগরীয় জোট এবং আসন্ন জি20-তে ভারতের সভাপতিত্ব সহ পারস্পরিক স্বার্থের অন্যান্য বহুপাক্ষিক ও আঞ্চলিক বিষয়গুলি নিয়েও আলোচনা করা হয়েছে।

3. বহির্মহাকাশ থেকে শস্য নজরদারী, খরার মূল্যায়ন করার লক্ষ্যে এবং ইসরো ও মেক্সিকান মহাকাশ সংস্থা (এইএম)-এর মধ্যে ক্ষমতা নির্মানের উপরে সহযোগিতার উপরে একটি নির্দিষ্ট সহযোগিতা চুক্তিও সফরকালে স্বাক্ষরিত হয়েছে।

4. দ্বিপাক্ষিক সম্পর্কের গতিকে ধরে রাখার জন্য দুই পক্ষ উচ্চপর্যায়ের রাজনৈতিক আদানপ্রদান এবং যৌথ প্রাতিষ্ঠানিক কর্মপদ্ধতিগুলির যেমন কনসুলার সংলাপ, বাণিজ্যের উপরে দ্বিপাক্ষিক উচ্চপর্যায়ের দল, বিনিয়োগ ও আর্থিক সহযোগিতা (বিএইচএলজি) এবং জয়েন্ট কমিশনের বৈঠক নিয়মিতভাবে চালিয়ে যাবার জন্য সম্মত হয়েছে।

5. এক সৌহার্দ্যপূর্ণ এবং উষ্ণ পরিবেশের মধ্যে আলোচনাটি অনুষ্ঠিত হয়েছে। উভয়পক্ষ পারস্পরিক এক সুবিধাজনক তারিখে পরবর্তী পরামর্শটি দিল্লিতে আয়োজন করার জন্য সম্মত হয়েছে।

জুন 29, 2022

মেক্সিকো

সিটি

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.